কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের পোস্টারসহ যুবক আটক

ছবি: সংগৃহীত

গোপালগঞ্জের কোটালীপাড়ায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের পোস্টার লাগানোর সময় লিটন মন্ডল নামে এক যুবককে আটক করেছে পুলিশ। এ সময় তাঁর কাছ থেকে একটি ধারালো ছুরি উদ্ধার করা হয়েছে।

শনিবার (১০ অক্টোবর) দুপুরে উপজেলা শিল্পকলা একাডেমি প্রাঙ্গণ থেকে তাঁকে আটক করা হয়। লিটন গোপালগঞ্জ সদর উপজেলার বেদগ্রাম এলাকার নির্মল মন্ডলের ছেলে।

পোস্টারটিতে ‘জয় বাংলা’, ‘আল্লাহ সর্বশক্তিমান’ ও ‘জয় বঙ্গবন্ধু’ স্লোগানের পাশাপাশি ‘১৬ জুলাই গোপালগঞ্জ গণহত্যাকারী ইউনূস গংয়ের ফাঁসি চাই’ লেখা ছিল। এতে ড. মুহাম্মদ ইউনূসসহ কয়েকজনের ছবি এবং ফাঁসির দড়ির প্রতীকী চিত্রও ব্যবহার করা হয়েছে। পোস্টারের নিচে ‘জেলা আওয়ামী লীগ, গোপালগঞ্জ’ লেখা ছিল।

পুলিশ জানায়, পোস্টার লাগানোর সময় কোটালীপাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. রিয়াদ মাহমুদ তাঁকে আটক করেন। তবে পোস্টারটি কারা তৈরি করেছে, কার নির্দেশে লাগানো হচ্ছিল এবং যুবকের কাছে ছুরি থাকার কারণ কী, তাৎক্ষণিকভাবে এসব তথ্য জানা যায়নি।

ওসি মো. রিয়াদ মাহমুদ জানান, এ ঘটনায় আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে।